

M.A PART-I EXAMINATION, 2020 (DDE)

বিষয়- বাংলা

চতুর্থ পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি এককের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে)

প্রথম অর্ধ/মান-২০

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

১০ x ২ = ২০

- ক) 'বাঙ্গালার নব্যলেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে সাহিত্যের উদ্দেশ্য চিহ্নিত করতে গিয়ে বঙ্কিমচন্দ্র যে মঙ্গলসাধন ও সৌন্দর্যসৃষ্টির কথা বলেছেন, সে বিষয়ে তাঁর মতাদর্শ ব্যাখ্যা করুন।
- খ) "তাঁদের পক্ষে অনিবার্য ছিল রবীন্দ্রনাথের অনুকরণ এবং অসম্ভব ছিল রবীন্দ্রনাথের অনুকরণ" --প্রাবন্ধিকের এই পর্যবেক্ষণ কতদূর অশ্রান্ত ছিল, সে বিষয়ে আপনার অভিমত প্রদান করুন।
- গ) "ঘরে ঘরে অমৃত ফলিবে" --নীতিবাদী বঙ্কিমচন্দ্রের এমন আশা শিল্পী বঙ্কিমচন্দ্রকে নিয়ন্ত্রণ করায় 'বিষবৃক্ষ' উপন্যাসের নান্দনিক-সিদ্ধি বিঘ্নিত হয়েছে কি না, আলোচনা করুন।
- ঘ) ক্রিয়া-প্রতিক্রিয়ার দিক থেকে মহিম এবং সুরেশ --উভয় চরিত্রেই ভারসাম্যের অভাব ঘটেছে। --'গৃহদাহ' উপন্যাস অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন।

চতুর্থ পত্র প্রথম অর্ধের এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠাসহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট করা ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

দ্বিতীয় অর্ধ/মান-২০

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

১০ x ২ = ২০

- ক) 'সধবার একাদশী' প্রহসনটিকে 'নতুন কালের নব্য-ব্যক্তিত্বের বিপন্ন অস্তিত্বের ট্রাজেডি' বলা যায় কি না, বিচার করুন।
- খ) 'নুরজাহান' নাটকে নুরজাহান চরিত্রের যে-অন্তর্দ্বন্দ্ব প্রকাশিত হয়েছে, তার স্বরূপ আলোচনা করুন।
- গ) করণ রসের আধিক্য 'প্রফুল্ল' নাটকের রসসিদ্ধির পক্ষে প্রতিবন্ধক হয়েছে কি না, তা বিচার করুন।
- ঘ) 'দিনের তলোয়ার' নাটকে আধারিত প্রতিবাদের স্বরূপ ব্যাখ্যা করুন।

চতুর্থ পত্র দ্বিতীয় অর্ধের এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠাসহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট করা ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।